

## Question Bank

ঐচ্ছিক পাঠ্যক্রম ( Elective Course )

বাংলা ( Bengali )

তৃতীয় পত্র ( 3rd Paper )

Kabya : Prachin O Adhunik : EBG-03

1. চর্যাগীতির পুঁথি কে আবিষ্কার করেন?
2. চর্যাগীতির পদগুলি সম্পাদিত হয়ে কবে প্রথম প্রকাশিত হয়?
3. আবিষ্কৃত চর্যাপদের মূল পুঁথিটিতে চর্যাপদের সংখ্যা কত?
4. "সাক্ষমত চড়িলে দাহিণ বাম মা হোহী"---কোন পদকর্তার রচনা?
5. শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটি প্রথম কোন প্রকাশনা থেকে প্রকাশিত হয়?
6. "মাথা মুণ্ডিয়া যোগিনী হোআঁ বেড়ায়িবোঁ নানা দেশে" ---পঙক্তিটি কত সংখ্যক পদের অংশ?
7. "রূপ লাগে আঁখি ঝুরে গুণে মন ভোর" ---কোন পর্যায়ের পদ?
8. "এ সখি হামারি দুখের নাহি ওর" ---কোন পর্যায়ের পদ?
9. চণ্ডীদাস কেমন কবি?
10. কাকে অভিনব জয়দেব নামে চিহ্নিত করা যায়?
11. "অভিনব হেম কল্পতরু সঞ্চর / সুরধুনী তীরে উজরো" --- কার মস্পর্কে বলা হয়েছে?
12. বৈষ্ণব সাহিত্যে কয়টি রস স্বীকৃত?
13. কৃত্তিবাস অনুদিত রামায়ণের নাম কি?
14. রাবণ কাকে সোনার হরিণের রূপধারণ করে সীতার কাছে পাঠিয়েছেন?
15. গৌরাঙ্গের শৈশব ক্রীড়াবর্ণন আছে চৈতন্যভাগবতের আদি খণ্ডের কোন অধ্যায়ে?
16. "কাব্য হল গম্ভীর অনুভূতির স্বতঃস্ফূর্ত উচ্ছলন" --একথা কে বলেছেন?
17. সনেট কী ধরনের কবিতা?
18. স্বর্গের থেকে মর্ত্যের দিকে দৃষ্টি ফেরানোর কথা বলেছেন কোন দার্শনিক?

19. মেঘনাদবধ কাব্যের ষষ্ঠ সর্গের নাম 'বধঃ' কে কাকে বধ করেছে?
20. সোনার তরী' কাব্যের প্রকাশকাল কত?
21. শতাব্দীর সূর্য আজি' কবিতাটি কোন গ্রন্থে সংকলিত?
22. "তোমার কাছে আরাম চেয়ে পেলেম শুধু লজ্জা" -- কোন কবিতার উদ্ধৃতি?
23. সাম্রাজ্যবাদী শক্তি হিংস্রতা ও অমানবিকতার ছবি প্রতিফলিত হয়েছে কোন কবিতায়?
24. "পীড়ন করিলে সে পীড়ন এসে পীড়া দেবে তোমাকেই" -- কোন কবিতার অংশ?
25. কোন কবির কবিতায় তীর যৌবন কামনার ভাব প্রকাশিত হয়েছে?
26. কাজী নজরুল ইসলামের 'বিদ্রোহী' কবিতা কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল?
27. ধূমকেতু' পত্রিকায় কোন কবিতা প্রকাশের জন্য রাজদ্রোহিতার অভিযোগ ওঠে?
28. জীবনানন্দ দাশের কাব্যরচনার পরিসর
29. জীবনানন্দের কাব্যগ্রন্থের সংখ্যা কটি?
30. "জীবনানন্দের কবিতার সুর একবার কানে লাগলে তাকে যে ভোলা শক্ত" -- একথা কে বলেছিলেন?